



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৭.০৩.২০২৪

প্রেস রিলিজ

পাবিত্রবিতে ঐতিহাসিক ৭ মার্চ পালন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বৃহস্পতিবার ঐতিহাসিক ৭ মার্চ পালন করা হয়েছে। সকাল ১১টায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম প্রশাসনের পক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

আরও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে বিভিন্ন বিভাগ, দপ্তর এবং সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন। এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর ড. মো. কামাল হোসেন, হল প্রভোস্ট, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে এক জনসভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ভাষণ দেন। ভাষণটি ১৮ মিনিট স্থায়ী ছিল।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।